‘জিয়ার সৈনিক’ স্লোগান দেওয়া দালাল চক্রের ১২ সদস্য আটক



ছবি: সংগৃহীত

বিদেশে চাকরি ও ওয়ার্কিং ভিসা দেওয়ার প্রলোভনে পাসপোর্ট ও টাকা আত্মসাতের অভিযোগে আটক ১২ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড দিয়েছেন এসআরবি-৪ পরিচালিত ভ্রাম্যমাণ আদালত। আটকের সময় তাদের কয়েকজনকে ‘জিয়ার সৈনিক’ স্লোগান দিতে এবং রাজনৈতিক পরিচয় তুলে ধরতে দেখা যায়।

শুক্রবার (৯ অক্টোবর) বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (বিকেটিটিসি) এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত সাতজনকে কারাদণ্ড এবং পাঁচজনকে জরিমানা করেন।

কারাদণ্ডপ্রাপ্তদের মধ্যে সবুজ ও শামীমকে তিন মাস করে, সুজনকে এক মাস, শাহিনকে ২১ দিন, আবুল বাসারকে ১৫ দিন এবং হারুন ও সুরুজ মিয়াকে সাত দিন করে কারাদণ্ড দেওয়া হয়েছে। অন্যদিকে দুর্জয়কে ১০ হাজার, রেজাউল করিমকে পাঁচ হাজার, কাইয়ুমকে চার হাজার, রিয়াজকে দুই হাজার এবং কামরুন নাহারকে এক হাজার টাকা জরিমানা করা হয়।

শুক্রবার দুপুরে অভিযান শেষে ব্রিফিংয়ে এসআরবি-৪-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. হাফিজুর রহমান জানান, বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল) অভিযোগের ভিত্তিতে দালাল চক্রটির বিরুদ্ধে ছায়াতদন্ত চালানো হয়। তদন্তে বিদেশে চাকরি ও কর্মসংস্থানের মিথ্যা আশ্বাস দিয়ে অর্থ আদায়ের তথ্য পাওয়া যায়।

তিনি বলেন, চক্রটির সদস্যরা ৪০ হাজার থেকে ১০ লাখ টাকা পর্যন্ত নিয়ে বিদেশে পাঠানো এবং লিখিত পরীক্ষায় পাস করানোর নিশ্চয়তা দিতেন। পরে বিভিন্ন অজুহাতে অর্থ আত্মসাৎ করা হতো।

লেফটেন্যান্ট কর্নেল হাফিজুর রহমান জানান, বিকেটিটিসি বিদেশে কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ দিলেও সরাসরি চাকরি বা বিদেশে পাঠানোর ব্যবস্থা করে না। অন্যদিকে, বোয়েসেল বৈধ প্রক্রিয়ায় কর্মী নিয়োগ করে এবং তাদের নিয়োগপ্রক্রিয়ায় প্রার্থীদের কাছ থেকে কোনো ফি নেওয়া হয় না।

তিনি আরও বলেন, জর্ডানে সরকারিভাবে কর্মী পাঠানোর প্রক্রিয়া প্রায় বিনা খরচে পরিচালিত হয়। এ সুযোগ কাজে লাগিয়ে দালাল চক্র সাধারণ মানুষের কাছ থেকে টাকা হাতিয়ে নিচ্ছে। প্রতারণায় কোনো সরকারি কর্মকর্তা বা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কারও সম্পৃক্ততা পাওয়া গেলে ব্যবস্থা নেওয়া হবে।

এসআরবি-৪-এর অধিনায়ক বলেন, আটক ব্যক্তিদের কেউ কেউ রাজনৈতিক পরিচয় ও কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগের কথা বলে রক্ষা পাওয়ার চেষ্টা করেন। তবে অপরাধে জড়িত থাকার অভিযোগে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে।